# উলিপুর পৌরসভা কার্যালয়

## উলিপুর, কুড়িগ্রাম।

স্মারক নং- উঃপৌঃ/প্রকৌঃশাঃ/০২-৩১(১৩)/২০২৩-১৪ তারিখঃ ০২.০২.২০২৩খ্রিঃ।

### ঃ ১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী হাট-বাজার ইজারা সংক্রান্ত সর্বশেষ নীতিমালা অনুযায়ী উলিপুর পৌরসভাধীন নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ ১৪৩০ বাংলা সনের ১লা বৈশাখ হইতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে সম্পূর্ণ অস্থায়ী ভাবে টোল আদায়ের নিমিত্তে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে বর্ণিত শর্তসাপেক্ষে প্রতিটি হাট/তফশিলের জন্য পৃথক পৃথকভভবে সীল মোহর যুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে দরপত্র সিডিউল সমূহ ও অন্যান্য কাগজ-পত্রাদি জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উলিপুর ও সহকারী কমিশনার (ভূমি)'র কার্যালয়, উলিপুর এবং উলিপুর পৌরসভা কার্যালয় হতে নির্ধারিত নগদ মূল্যে (অফেরৎ যোগ্য) ক্রয় করা যাবে। দরপত্র সমূহ জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম এবং উলিপুর পৌরসভায় রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত তারিখে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত গ্রহণ ও ঐ দিনই উলিপুর পৌরসভা কার্যালয়ে বিকাল ৩.০০ ঘটিকার সময় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। কোন দফায় যে কোন হাটের দাখিলকৃত দরপত্র গৃহীত হলে পরবর্তী দফায় ঐ হাটের দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। ইজারা বিজ্ঞপ্তি উলিপুর পৌরসভার নিজস্ব ওয়েব সাইটে www.ulipurmunicipality.gov.bd তে সংগ্রহ করা যাবে।

### তফশীলভুক্ত ইজারার নাম

<table>
<tr><th rowspan="2">ক্রঃ নং</th><th rowspan="2">তফশীলের নাম</th><th rowspan="2">অবস্থান</th><th rowspan="2">হাট বাজারের সরকারী মূল্য</th><th rowspan="2">সিডিউল মূল্য</th><th colspan="2">দরপত্র দাখিলের তারিখ, সময় ও খোলার সময়</th></tr>
<tr><th>দরপত্র দাখিলের শেষ সময় বেলা- ২.০০ টা পর্যন্ত</th><th>দরপত্র খোলার সময় বিকাল- ৩.০০ ঘটিকা</th></tr>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td><td>০৫</td><td colspan="2">০৬</td></tr>
<tr><td>০১</td><td>উলিপুর হাট বাজার (মাছের আড়ৎ ব্যতিত)</td><td>উলিপুর</td><td>১,৫৬,২৫,০০০.০০</td><td>৩২,০০০.০০</td><td colspan="2" rowspan="5">১ম বার দরপত্রের সিডিউল ক্রয়ের শেষ তারিখ ০১.০৩.২০২৩খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত এবং দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ০২.০৩.২০২৩খ্রিঃ।<br><br>২য় বার দরপত্রের সিডিউল ক্রয়ের শেষ তারিখ ১৫.০৩.২০২৩খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত এবং দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ১৬.০৩.২০২৩খ্রিঃ।<br><br>৩য় বার দরপত্রের সিডিউল ক্রয়ের শেষ তারিখ ২৯.০৩.২০২৩খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত এবং দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ৩০.০৩.২০২৩খ্রিঃ।</td></tr>
<tr><td>০২</td><td>বাকরের হাট-বাজার</td><td>বাকরের হাট</td><td>১৫,৫০০.০০</td><td>৫০০.০০</td></tr>
<tr><td>০৩</td><td>পুরাতন রিক্সা/ভ্যান/ ঠেলাগাড়ি/বাই-সাইকেল বিক্রয় হাটি</td><td>পুরাতন কোর্ট বিল্ডিং এর পার্শ্বে</td><td>২,৩৭,০০০.০০</td><td>১,২০০.০০</td></tr>
<tr><td>০৪</td><td>ডে/নাইট কোচ, ট্রাক, ডাম্প ট্রাক, মিনিবাস, পিক-আপ, মাইক্রো, ট্রলি, ট্রাকটর</td><td>পৌর কেন্দ্রীয় টার্মিনাল</td><td>১৪,৩০,০০০.০০</td><td>৩,৬০০.০০</td></tr>
<tr><td>০৫</td><td>পশু জবেহ ফি আদায়</td><td>স্লোটার হাউজ</td><td>২,৮৫,৫০০.০০</td><td>১,২০০.০০</td></tr>
</table>

শর্তাবলী

১। দরপত্র চূড়ান্তভাবে অনুমোদন হওয়ার পর ১৪৩০ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র ০১ (এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত ট্রেড লাইসেন্স সংযুক্ত করিতে হইবে, অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হবে।

৩। প্রত্যেক তফশিলের জন্য আলাদা আলাদা দরপত্র ক্রয় করিতে হইবে এবং দরপত্রের সহিত সিডিউল ক্রয়ের রশিদ অবশ্যই সংযুক্ত করতে হবে।

৪। দরপত্র দাতাকে দরপত্র দাখিলের সময় দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ জামানত হিসাবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/কল ডিপোজিট আকারে মেয়র, উলিপুর পৌরসভার অনুকূলে দাখিল করিতে হইবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। হাট-বাজার ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজারসহ হাট-বাজারস্থ ড্রেণ সমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন না করিলে বা কোন ক্ষতি সাধন করিলে, উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা সংশ্লিষ্ট ইজারাদার বরাবর ফেরৎ দেওয়া হবে।

৫। সর্বোচ্চ দর কর্তৃপক্ষের অনুমোদনের পর চূড়ান্তভাবে গৃহীত হইবে। সর্বোচ্চ দর গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ার পর ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ, দাখিলকৃত দরের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়করের অর্থ মেয়র, উলিপুর পৌরসভার অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/কল ডিপোজিট আকারে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং জামানত বাজেয়াপ্ত হবে।

৬। তফশিলে উল্লেখিত কাঙ্খিত ইজারা মূল্য হইতে দাখিলকৃত দর কম হইলে উক্ত দরপত্র গৃহীত হবে না। সেক্ষেত্রে সংযুক্ত ক্যালেন্ডার অনুযায়ী পর্যায়ক্রমে দরপত্র আহবান অব্যহত থাকবে।

৭। দরপত্র দাখিলের সময় সীলমোহর যুক্ত খামের উপর সংশ্লিষ্ট তফশিলের নাম, দরদাতার নাম ও ঠিকানা স্পষ্টাক্ষরে উল্লেখ করিতে হইবে এবং দরপত্রের প্রতিটি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

২/২/২৩

চলমান

৮। দরপত্রে উল্লেখিত দর অংকে ও কথায় লিখিতে হইবে। উল্লেখিত দর অংকে ও কথায় গড়মিল হইলে কথায় লিখিতকে প্রাধান্য দেওয়া হবে। ঘষামাজা/কাটাকাটি/অস্পষ্ট দরপত্র গ্রহণযোগ্য হবে না।

৯। কোন পর্যায়ের দরপত্র সিডিউল অন্য পর্যায়ে দাখিল করা যাইবে না।

১০। দরপত্র অনুমোদন হওয়ার পর ইজারার সমস্ত অর্থ ( ভ্যাট ও আয়করসহ) ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে পরিশোধ করে ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে মেয়র, উলিপুর পৌরসভার সহিত ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিনামা স্বাক্ষর করতে হবে।

১১। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত টোল রেইট মোতাবেক আদায় করিতে হইবে এবং অনুমোদিত টোল রেইট টিন অথবা কাঠের প্লেটে স্পষ্ট অক্ষরে লিখে হাট-বাজারের প্রকাশ্য জায়গায় প্রদর্শন করতে হবে। টোল রেইট চার্ট প্রদর্শন করা না হলে ইচ্ছাকৃতভাবে জনসাধারনকে ধোকা দেয়া বা ঠকানোর দায় ইজারাদারের উপর বর্তাবে এবং সরকারি আদেশ অমান্যের জন্য দন্ড বিধি মোতাবেক পদক্ষেপ গ্রহণ করা হবে।

১২। বাস/ট্রাক টার্মিনালের বাহিরে বক্স বসিয়ে বা বিভিন্ন কৌশলে টোল/ট্যাক্স আদায় করা যাবে না।

১৩। দরপত্র দাতা কোনক্রমে ইজারা প্রাপ্ত হাট-বাজার তথা তফশিল অন্যের নিকট বন্দোবস্ত কিংবা সাব-লিজ প্রদান করিতে পারিবে না। যতি অনুরুপ কোন কার্যকলাপ বা শর্ত লজ্ঘন করে তবে প্রদানকৃত সকল অর্থ বাজেয়াপ্ত সহ ইজারা বাতিল বলে গণ্য হইবে এবং ইজারাদার আইনত দন্ডনীয় হবে।

১৪। দরদাতা সর্বেচ্চ দর দাখিলের পর যদি ইজারা গ্রহণে অনিচ্ছা/অনিহা প্রকাশ করে তাহলে তাহার দাখিলকৃত জামানত বাজেয়াপ্ত হবে।

১৫। ইজারা প্রাপ্ত তফশীল সম্পর্কে কোন অভিযোগ থাকিলে অনুমোদনের ০৭ (সাত) দিনের মধ্যে মেয়র, উলিপুর পৌরসভা বরাবরে অভিযোগপত্র দাখিল করিতে হবে।

১৬। পৌর-কর্তৃপক্ষের বিনা অনুমতিতে হাট বাজার/ইজারাকৃত তফশীলের খালি জায়গায় কোন প্রকার কাঁচা, পাঁকা, সেমি-পাঁকা দোকান ঘর স্থাপন/নির্মাণ করা যাইবে না। এমনকি পৌরসভার সেডের মধ্যে ইটের দেয়াল বা অন্য কোন কিছু দ্বারা সেড/ঘেরা দেওয়া যাবে না।

১৭। পৌর-পরিষদ এবং সরকারি কর্মকর্তা/কর্মচারীদের ইজারাভুক্ত যে কোন তফশীল পরিদর্শনের অগ্রাধিকার থাকিবে এবং ইজাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৮। প্রাপ্ত সর্বোচ্চ দর কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত না হইলে প্রাপ্ত সর্বোচ্চ দর বিবেচনায় রেখে সংযুক্ত ক্যালেন্ডার অনুযায়ী পর্যাক্রমে দরপত্র প্রক্রিয়া অব্যহত থাকবে।

১৯। উল্লেখিত শর্তাবলী ব্যতীত ইজারা সংক্রান্ত সকল বিধিমালা সংশ্লিষ্ট সকলের জন্য প্রযোজ্য হবে।

২০। কোনক্রমেই দু'পক্ষের নিকট হতে টোল আদায় করা যাবে না। দু'পক্ষের নিকট হতে টোল আদায় প্রামাণিত হলে/জোরপূর্বক অর্থ আদায়ের জন্য দন্ডবিধি মোতাবেক ইজারাদার/আদায়কারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা যাবে অথবা নীতিমালা অনুযায়ী ব্যবস্থা নেয়া যাবে বা উভয় বিধি মোতাবেক পদক্ষেপ নেয়া যাবে।

২১। কোন কারণ দর্শানো ব্যতিত, দাখিলকৃত যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২/২/২৩

(মোঃ মামুন সরকার)
**মেয়র**
উলিপুর পৌরসভা
উলিপুর, কুড়িগ্রাম।

স্মারক নং- উঃপৌঃ/প্রকৌঃশাঃ/০২-৩১(১৩)/২০২৩- ৮৪/১(২০০) 2/2/23 তারিখঃ ০২.০২.২০২৩খ্রিঃ।

<u>অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরীত</u> ঃ

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।

<u>অনুলিপি সদয় অবগতি সহ বহুল প্রচারের জন্য অনুরোধ সহকারে প্রেরিত হইল</u> ঃ

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উলিপুর, কুড়িগ্রাম।
৭। মেয়র, কুড়িগ্রাম/নাগেশ্বরী/উলিপুর পৌরসভা, কুড়িগ্রাম।
৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার শাখা (জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়), কুড়িগ্রাম।
৯। উপজেলা নির্বাহী অফিসার, উলিপুর, কুড়িগ্রাম।
১০। সহকারী কমিশনার (ভূমি), উলিপুর, কুড়িগ্রাম।
১১। জনাব/জনাবা ..........................................................................নং ওয়ার্ড কাউন্সিলর, উলিপুর পৌরসভা, উলিপুর, কুড়িগ্রাম।
১২। পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ), উলিপুর পৌরসভা, উলিপুর, কুড়িগ্রাম।
১৩। অফিসার ইনচার্জ, উলিপুর থানা, উলিপুর, কুড়িগ্রাম।
১৪। জনাব ................................................................................................., সদস্য দরপত্র খোলা/মূল্যায়ন কমিটি।
১৫। কোষাধ্যক্ষ, উলিপুর পৌরসভা, উলিপুর, কুড়িগ্রাম।
১৬। জনাব/মেসার্স ..................................................................................................
১৭। নোটিশ বোর্ড, অত্রাফিস।
১৮। অফিস নথি।

২/২/২৩

(মোঃ মামুন সরকার)
**মেয়র**
উলিপুর পৌরসভা
উলিপুর, কুড়িগ্রাম।
2/2/23